

শং ১২ ফেব্রুয়ারি ১৯

জৈনিক সংবাদ

মন্ত্রিসভার বৈঠক ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি ভার্সিটি আইন ২০০১ অনুমোদন

নিম্ন বাত্তা পরিবেশক : গতকাল
মন্ত্রিসভার বৈঠকে ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় আইন ২০০১ অনুমোদন করা
হয়। বিশ্ববিদ্যালয়গুলো ইচ্ছে রংপুর বিজ্ঞান
ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, হাজী দানেশ
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি

বিশ্ববিদ্যালয়, পোপালগঞ্জ মওলানা ভাসানী
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজামাটি
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বগুড়া
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বরিশাল
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন
২০০১ অনুমোদন করা হয়।

গতকাল মন্ত্রিসভা ১২টি বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ২০০১
অনুমোদন করায় বিশ্ববিদ্যালয় স্থাপন ও
কার্যক্রম তত্ত্ব কর্তার ব্যাপারে দশ্যত আইন
বাধা দূর হলো। দীর্ঘদিন এ বিষয়টি ঝুলে
ছিল।

এছাড়া মন্ত্রিসভা গতকাল জাতীয় পক্ষী
উন্নয়ন মৌতি অনুমোদন করেছে। মন্ত্রিসভা
শেরেবাংলা মণ্ডে বাংলাদেশ কাষি
ইনসিটিউটকে শেরেবাংলা কৃষি বিশ্ব-
বিদ্যালয়ে উন্নীতকরণ প্রস্তাৱ অনুমোদন
করেছে।

বৈঠক সূত্রে জানি গেছে, মন্ত্রিসভা
বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ব-
বিদ্যালয় (সংশোধন) আইন ২০০১
অনুমোদন করেছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে
অনুষ্ঠিত এ বৈঠকে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী,
প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ, সচিব, প্রধানমন্ত্রীর
মুখ্য সচিব, শিক্ষা সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি
বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, পক্ষী উন্নয়ন ও
সমবায় বিভাগের সচিব যোগ দেন।